দৈনিক

- 1 MAY 2017

# বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এ্যান্ড কলেজ বিজ্ঞান মেলা

বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এ্যান্ড কলেজের (বিআইএসসি) বিজ্ঞান মেলা-২০১৭ রবিবার মহাখালীর নিউ ডিওএইচএস-এ অবস্থিত বিদ্যালয়ের নিজস্ব প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

এরিয়া কমান্ডার, লজিস্টিক এরিয়া এবং চীফ পেট্রন, বি আই এস সি মেজর জেনারেল আতাউল হাকিম সারওয়ার হাসান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বিজ্ঞান মেলায় বিচারকমণ্ডলীতে ছিলেন ডঃ মোঃ মোফাজ্জল হোসেন, প্রফেসর রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ মোঃ জসিম উদ্দীন, প্রফেসর, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ডঃ আলমগীর কবির, এ্যাসোসিয়েট প্রফেসর, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। বিচারকগণ সবগুলো প্রকল্প ঘুরে দেখেন এবং সেরা প্রকল্পগুলোকে পুরস্কারের জন্য নির্বাচিত করেন। ক্ষুদে বিজ্ঞানীদের তৈরি বিভিন্ন প্রকল্পের মধ্যে ছিল চলমান গ্যাস, বিদ্যুত ও দূষিত পানির সমস্যার সমাধান। অনুষ্ঠান পরিচালনার মূল দায়িত্বে ছিলেন অধ্যক্ষ কর্নেল মোঃ আনিছুর রহমান চৌধুরী (অব) এবং সমন্বয়ক হিসেবে দায়িত্বে ছিলেন উপ-অধ্যক্ষ অনিমেষ সামন্ত ও আলিফ লায়লা ভেনাস।

-আইএসপিআর